# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৪৮৪

২৭/ আদব

পরিচ্ছেদঃ হিতাকাঙ্ক্ষীতার গুরুত্ব

আরবী

عَنْ أَبِي رُقَيَّةَ تَمِيمِ بنِ أوسٍ الدَّارِيِّ أَنَّ النَّبيّ ﷺ قَالَ الدِّينُ النَّصِيحةُ قُلنَا : لِمَنْ ؟ قَالَ لِلهِ وَلِكِتَابِهِ وَلِرَسُولِهِ وَلأئِمَّةِ المُسْلِمِينَ وَعَامَّتِهِمْ رواه مسلم

বাংলা

আল্লাহ তাআলা বলেন,

إِنَّمَا الْمُؤْمِنُوْنَ إِخْوَةٌ

অর্থাৎ, সকল ঈমানদাররা তো পরস্পর ভাই ভাই। (সূরা হুজরাত ১০)

তিনি নূহ (আঃ)-এর কথা উল্লেখ ক'রে বলেছেন,

وَأَنْصَحُ لَكُمْ

অর্থাৎ, (নূহ বলল,) আমি তোমাদেরকে উপদেশ দিচ্ছি (বা হিতকামনা করছি)। (সূরা আ'রাফ ৬২)

তিনি হূদ (আঃ)-এর কথা উল্লেখ ক'রে বলেছেন,

وَأَنَا لَكُمْ نَاصِحٌ أَمِيْنٌ

অর্থাৎ, (হূদ বলল,) আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত উপদেষ্টা (বা হিতাকাঙ্ক্ষী)। (সূরা ঐ ৬৮)

---

(৩৪৮৪) আবূ রুক্বাইয়াহ তামীম বিন আওস দারী (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, দ্বীন হল কল্যাণ কামনা করার নাম। আমরা বললাম, 'কার জন্য?' তিনি বললেন, আল্লাহর জন্য, তাঁর কিতাবের জন্য, তাঁর রসূলের জন্য, মুসলিমদের শাসকদের জন্য এবং মুসলিম জনসাধারণের জন্য।

## ফুটনোট

(মুসলিম ২০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67232

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন